

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী


সভাপতি : জনাব সালমা আক্তার কাকন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, তারাকান্দা, ময়মনসিংহ।  
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।  
সভার তারিখ : ১২/০৭/২০২১খ্রিঃ, সময় : সকাল ১২.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট- 'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সদস্য ও সচিব তারাকান্দা উপজেলার মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার উপর বিস্তারিত তথ্য উপস্থাপন করেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, চলমান করোনা পরিস্থিতিতে সরকারী নির্দেশনা মোতাবেক অত্র উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ রয়েছে। এজন্য অত্র বিভাগের স্বাভাবিক কার্যক্রম আপতত বন্ধ রয়েছে। এখনও পর্যন্ত অত্র উপজেলায় কোন ছাত্র-ছাত্রী বা শিক্ষক করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছে বলে সংবাদ পাওয়া যায়নি। তিনি আরো জানান যে, মন্ত্রণালয়ের নির্দেশনা না পাওয়া পর্যন্ত সকল বিদ্যালয় বন্ধ থাকবে।	মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে সকল জনপ্রতিনিধি সহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগীতা কামনা করা হয়।
২	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তারাকান্দা সভায় জানান যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের নিয়মিত কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। ইতিমধ্যে অনলাইন ক্লাস এবং অনলাইন মনিটরিং সিস্টেম চালু করা হচ্ছে। সভায় এসকল বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে সকল জনপ্রতিনিধি সহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগীতা কামনা করা হয়।


সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(সালমা আক্তার কাকন)  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, তারাকান্দা।  
তারিখঃ ১২/০৭/২০২১খ্রিঃ

স্মারকনং-উপ.মা.শি./তা.ম/২০২১-

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
- ৩। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৬। চেয়ারম্যান.....ইউপি, তারাকান্দা, ময়মনসিংহ।

  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
তারাকান্দা, ময়মনসিংহ।